দৈনিক সংবাদ

তারিখ ... SEP. 1 6 1999
পৃষ্ঠা ... 8 ... কলাম 6

10

## এমপিওভুক্তির আবেদন

শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলাধীন ভূমখাড়া ইউনিয়নের চাকধ্ উচ্চ বিদ্যালয় ১৯৯০ সালে স্থাপিত হয়। '৯৬ সালে বিদ্যালয়টি নিম্নমাধ্যমিক বিদ্যালয় হিসাবে স্বীকৃতি লাভ করে। তখন ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৫০৩ জন। ষষ্ঠ ও সপ্তম শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা অধিক থাকায় তখন হইতেই দুই শ্রেণীতে দুইটি শাখা করিয়া ক্লাস নেওয়া হয় এবং সেমতে আটজন শিক্ষক এম.পি.ওভুক্ত হওয়ার কথা। আমরা সাতজন শিক্ষক এমপিওভুক্ত হওয়ার লক্ষ্যে কাগজপত্র জমা দিলে গত বৎসর পাঁচজনকে এমপিওভুক্ত করা হয়। এ ব্যাপারে যোগাযোগ করিয়া জানিতে পারি যে, শাখা শিক্ষক এমপিওভুক্তি বন্ধ থাকায় দুইজন শিক্ষক এমপিওভুক্ত হন নাই। বিদ্যালয়টিতে প্রতি বৎসরই ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাইতেছে। বর্তমানে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬৫০ জন। ষষ্ঠ ও সপ্তম শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা যথাক্রমে ১৯৭ ও ১৬৩ জন। শুধু তাহাই নয়, অষ্টম শ্রেণীতেও আরেকটি শাখা খুলিয়া ক্লাস করা প্রয়োজন। চলতি বৎসরে নবম শ্রেণী খুলিবার অনুমতি পাওয়া যায়। এমতাবস্থায় অত্র বিদ্যালয়ের শাখা শিক্ষক এমপিওভুক্ত করিবার জন্য অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ লোকমান হোসেন মন্টু,
সহকারী শিক্ষক,
চাকধ্ উচ্চ বিদ্যালয়,
উপজেলা নড়িয়া,
জেলাঃ শরীয়তপুর।